গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বার্ড
পরিকল্পনা শাখা

নম্বর: ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২০.১৯

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি/নোটিশ**

বিষয়: **বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভা।**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা আগামী ০৬/০৩/২০২৪ তারিখ রোজ বুধবার বেলা ১০.০০ ঘটিকায় কমিটির আহবায়ক ও মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড মহোদয়ের সভাপতিত্বে বোর্ড প্রধান কার্যালয়, রাজশাহী এর মিনি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটি (পি,আই,সি) এর সকল সম্মানিত সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:

১. গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়িকরণ।
২. গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৩. প্রকল্পের ফেব্রুয়ারি/২৪ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৪. ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পের আওতায় এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৫. বিবিধ।

০৫-০৩-২০২৪
ড. মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)
০২৫৮৮৮৫১৬৮৫ (ফোন)
serajbsdb2012@gmail.com

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইএমইডি (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।;
২। সচিব, অর্থ বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।, ;
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৪। যুগ্ম সচিব , পরিকল্পনা অনুবিভাগ , বস্ত্র ও পাট মন্ত্রণালয়;
৫। উপসচিব , পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়;
৬। পরিচালক, অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৭। পরিচালক, সম্প্রসারণ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৮। সদস্য, সংশ্লিষ্ট উইং/সেক্টর, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।;
৯। সদস্য, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।;
১০। প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।;
১১। সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়;
১২। প্রকল্প পরিচালক, "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প;
১৩। প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
১৪। নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;

১৫। কেয়ার টেকার, প্রশাসন (সভায় আপ্যায়নের জন্য অনুরোধ করা হলো।);

১৬। স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড (জুম প্লাটফর্মে সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো) এবং

১৭। পরিসংখ্যান কর্মকর্তা (চলতি দায়িত্ব), পরিকল্পনা শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বার্ড
পরিকল্পনা শাখা

**"বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আনওয়ার হোসেন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৬/০৩/২০২৪ |
| সভার সময় | ১০.০০ |
| স্থান | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশিত করা হলো। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয়ের উপর প্রস্তুতকৃত কার্যপত্র উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব কে অনুরোধ জানান। সদস্য-সচিব বিগত ২৭/১১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং তা পর্যালোচনা করা হয়। অতঃপর উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণের জন্য অনুরোধ করেন। সভায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সদস্য সচিব জানান দেশে রেশম চাষ ও রেশম শিল্পের সার্বিক উন্নয়নের লক্ষ্যে "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি ৪৯৭৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০২১ হতে জুন, ২০২৪ পর্যন্ত মেয়াদে প্রকল্পটি সরকার কর্তৃক অনুমোদিত হয়। এছাড়া তিনি আরো জানান, প্রকল্পটি গত ১৮/০৭/২০২১ তারিখে ২৯২নং স্মারকে অনুমোদিত হয়েছে। সভায় প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের শুরু থেকে **ফেব্রুয়ারি/২৪** মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৩৪৯.০০ লক্ষ টাকা। যার আর্থিক অগ্রগতি ২৭.১৩% এবং বাস্তব অগ্রগতি ৪৩%। চলতি ২০২৩-২৪ অর্থবছরে এডিপি বরাদ্দ রয়েছে ১৩০০.০০ লক্ষ টাকা। ১ম কিস্তির ৩২৫.০০ লক্ষ টাকা অবমুক্ত হয়েছে এবং ২য় কিস্তির ৩২৪.০০ লক্ষ টাকার জি ও ০৯/১১/২৩ তারিখে ইস্যু হয়েছে। চলতি অর্থ বছরের **ফেব্রুয়ারি/২৪** মাস পর্যন্ত ৩১৯.৬৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যার আর্থিক অগ্রগতি ২৪.৫৯% এবং বাস্তব অগ্রগতি ৫০%।

প্রকল্প পরিচালক জানান, চলতি ২০২৩-২৪ অর্থ বছরে ''বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের অর্থায়নে মাঠ পর্যায়ের কার্যালয় হতে ফার্মিং পদ্ধতিতে ২৪০ জন রেশম চাষী/উদ্যোক্তাদের ২৪০ বিঘা জমিতে তুঁতচারা রোপণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া তিনি আরও বলেন চলতি ২০২৩-২৪ অর্থ বছরে এপিএ-র লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩.২৫ লক্ষ তুঁতচারা উৎপাদনের জন্য ৬৫ বিঘা জমিতে তুঁতকাটিংস রোপণ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং একই অর্থবছরে ১,০০০ জন রেশম চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হবে। এ পর্যন্ত ২৪ টি ব্যাচে ৫৫৫ জন রেশম চাষী/উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে এবং ১২ টি ব্যাচে ৩০০ জন রেশম চাষী/উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান। অবশিষ্ট ১৪৫ জন রেশম চাষী/উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ মে/২০২৪ মাসের মধ্যে সম্পন্ন করা হবে। এ বছর প্রকল্পটির ৩ বছর পূর্ণ হবে যা চলতি অর্থবছরে মেয়াদ শেষ হবে কিন্তু প্রকল্পের ৫০% কাজ সম্পন্নহবে। অবশিষ্ট ৫০% কাজ সম্পন্ন করণের জন্য ২ বছর মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। এ লক্ষ্যে কাজ চলমান রয়েছে। প্রকল্পের মেয়াদ ০২(দুই) বছর বৃদ্ধি করা হলে চাষীদের ধরে রাখা এবং প্রকল্পের ১০০% কার্যক্রম সমাপ্ত করার জন্য অতিরিক্ত কোন অর্থের প্রয়োজন হবে না। নিম্নে আঞ্চলিক/জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় ভিত্তিক ২৪০ জন চাষীর ২৪০ বিঘা জমিতে ফার্মিং পদ্ধতিতে তুঁতচারা রোপন কার্যক্রম সম্পন্ন হয়েছে।

| প্রকল্প এলাকা | চাষীর সংখ্যা | জমির পরিমাণ |
|---|---|---|
| রংপুর সম্প্রসারণ এলাকা | ৫৩ জন | ৫৩ বিঘা |
| রাজশাহী সম্প্রসারণ এলাকা | ১৯ জন | ১৯ বিঘা |
| ঢাকা সম্প্রসারণ এলাকা | ১৫ জন | ১৫ বিঘা |
| ভোলাহাট সম্প্রসারণ এলাকা | ৭১ জন | ৭১ বিঘা |
| ঠাকুরগাঁও সম্প্রসারণ এলাকা | ১২ জন | ১২ বিঘা |
| সিরাজগঞ্জ সম্প্রসারণ এলাকা | ৩০ জন | ৩০ বিঘা |
| বগুড়া সম্প্রসারণ এলাকা | ২০ জন | ২০ বিঘা |
| গোপালগঞ্জ সম্প্রসারণ এলাকা | ২০ জন | ২০ বিঘা |
| **মোট** | **২৪০ জন** | **২৪০ বিঘা** |

অর্থ বিভাগের প্রতিনিধি জনাব মোঃ রুহুল আমিন, উপসচিব প্রকল্পের PL একাউন্ট চালু করার বিলম্বের বিষয়টি জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, গত মাসের শেষ সপ্তাহে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এ সপ্তাহে PLএকাউন্ট চালু করা সম্ভব হবে।
কার্যক্রম বিভাগের প্রতিনিধি জনাব মোঃ আলমগীর হোসেন, উপপ্রধান জানান যে, চলতি বছরের জুন মাসে প্রকল্পের মেয়াদ শেষ হবে। সেক্ষেত্রে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে কোন পরিকল্পনা আছে কিনা সে বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির মেয়াদ ২ বছর বৃদ্ধিসহ আরডিপিপি ইতোমধ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে।
আইএমইডি প্রতিনিধি জনাব মোঃ হেলাল খান, মুল্যায়ন কর্মকর্তা জানান যে, প্রকল্প মেয়াদ ২ বছর বৃদ্ধি করা প্রয়োজন আছে নাকি ১ বছর বৃদ্ধি করলেই চলবে সে বিষয়ে প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের মেয়াদ ২ বছর বৃদ্ধি করা হলে প্রকল্পের বাস্তব অগ্রগতি শতভাগ অর্জন করা সম্ভব হবে।
সভাপতি বলেন প্রকল্পটির চলতি অর্থ বছরের এপিএ নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ কাজ বাস্তবায়ন করতে হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:-

**সিদ্ধান্ত:**
(১) এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ কাজ বাস্তবায়ন করতে হবে।
(২) প্রকল্পের সংশোধিত বরাদ্দ মোতাবেক শতভাগ কাজ সম্পাদন করতে হবে।
(৩) প্রকল্পের ২ বছর মেয়াদ বৃদ্ধিসহ সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
(৪) প্রকল্পের PL একাউন্ট দ্রুততম সময়ের মধ্যে সৃজন করে শতভাগ অর্থ ব্যয় করে ৩য় ও ৪র্থ কিস্তির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি তথা মহাপরিচালক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪-০৩-২০২৪
মোঃ আনওয়ার হোসেন
মহাপরিচালক
০২৫৮৮৮-৫৫৮১৬ (ফোন)
০২৫৮৮৮-৫৩৫৯২ (ফ্যাক্স)
bsb.raj.bd@gmail.com

নম্বর: ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২০.২৩

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
২। সচিব, অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়;
৩। উপসচিব, পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়;
৪। পরিচালক, অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৫। পরিচালক সম্প্রসারণ বিভাগ,, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৬। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়;
৭। প্রধান সংশ্লিষ্ট উইং/সেক্টর,, পরিকল্পনা কমিশন;
৮। প্রধান, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন;
৯। প্রধান, (সংযুক্ত) এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ;
১০। প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
১১। নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এবং
১২। পি,এ -টু-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।।

১৯-০৩-২০২৪
ড. মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)

# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
## রাজশাহী

০৬/০৩//২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক উন্নয়ন প্রকল্পের পিআইসি সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থা | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | ড. এম. এ. মান্নান<br>পরিচালক (অর্থ ও পরি:) | BSDB | 01712101291 | [signature] 06/03/2024 |
| ২. | মোহাম্মদ ইমদাদুল বারী<br>পরিচালক (সম্প্রসারণ) | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | 01713252847 | [signature] 06/03/24 |
| ৩. | মোঃ লুৎফর রহমান তালুকদার<br>নির্বাহী প্রকৌশলী | BSDB. | 01558352600 | [signature] 06/03/2024. |
| ৪. | আছিয়া খাতুন<br>সিনিয়র সহকারী সচিব | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | | জুমে সংযুক্ত |
| ৫. | মো: রুহুল আমিন<br>উপ সচিব অর্থ বিভাগ | অর্থ বিভাগ | | জুমে সংযুক্ত |
| ৬. | আবু কাওসার আকন্দ<br>সিনিয়র সহকারী সচিব | এন আই সি প্রকল্প | | জুমে সংযুক্ত |
| ৭. | মো: হেলাল খান | বাস্তবায়ন পরিবীক্ষণ আইএমইডি | | জুমে সংযুক্ত |
| ৮. | মো: মাহবুবুর রহমান<br>প্রকল্প পরিচালক | বা.রে.উ.বো | ০১৭২২৫২২৩৬ | [signature] ০৬/০৩/২৪ |
| ৯. | ড. মো: মিজানুর রহমান<br>উপ প্রধান পরিকল্পনা কর্ম: | বারেউবো | ০১৭১৯৪৬০০৪০ | [signature] |
| ১০. | মো: আলমগীর হোসেন<br>উপ সচিব | কার্যক্রম বিভাগ | | জুমে সংযুক্ত |
| ১১. | মোসাঃ ফাতেমা বেগম<br>পরিসংখ্যান কর্মকর্তা | বারেউবো/রাজ | ০১৭৩১২৭১৯৫৯ | ফাতেমা ০৬/৩/২৪ |
| ১২. | আব্দুল লতিফ ভূঁইয়া<br>গবেষণা কর্মকর্তা | শিল্প ও বাণিজ্য বিভাগ<br>পরিকল্পনা কমিশন | | জুমে যুক্ত |
| ১৩. | | | | |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |